সংবাদ

তারিখ 28 NOV 2017
পৃষ্ঠা ১১ কলাম ৪

# কঠোর নিরাপত্তায় চলছে বেরোবির ভর্তি পরীক্ষা

**প্রতিনিধি, বেরোবি**

কঠোর নিরাপত্তায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান), বিএসসি (ইঞ্জিনিয়ারিং) এবং বিবিএ প্রোগ্রামে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে । রোববার ১ম দিনের ভর্তি পরীক্ষায় 'এ' ইউনিটের চার শিফটে পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত ইউনিটে মোট ১৩,৬১৯ জন পরীক্ষার্থী আবেদন করে। সকাল ৯টা থেকে ১ম, সকাল ১১টা থেকে ২য়, দুপুর ১:৩০ থেকে ৩য় এবং বিকাল ৩:৩০ থেকে ৪র্থ শিফটে চলা ভর্তি পরীক্ষা গুলোতে বিশ্ববিদ্যালয় উপাচার্য প্রফেসর ডক্টর নাজমুল আহসান কলিমউল্লাহ পরীক্ষার বিভিন্ন কক্ষ পরিদর্শন করেন। এসময় উপাচার্য ভর্তি পরীক্ষার সব কিছু সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সম্মানীত ডিনবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দের সাথে মতবিনিময় করেন । এবারের ভর্তি পরীক্ষায় সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে নিরাপত্তা বাহিনীর পর্যাপ্ত সদস্যসহ একজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত দায়িত্ব পালন করছে এবং এবারেই প্রথম পুরো ক্যাম্পাস সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। পাঁচ দিনব্যাপী চলা এই ভর্তি পরীক্ষার ২য় দিন সোমবার 'বি' ইউনিটের চার শিফটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। 'বি' ইউনিটে মোট ১৫,৪৫৫ জন পরীক্ষার্থী আবেদন করেছে। ২য় দিনে সকাল ১১ টা থেকে ১২ টা পর্যন্ত 'বি' ইউনিটের ২য় শিফট পরীক্ষা অনুষ্ঠিত হওয়া পর্যন্ত কোনো ধরণের অপ্রীতিকর খবর পাওয়া যায়নি।